...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	১৯ ডিসেম্বর ২০১৯
সভার সময়	সকাল ১১.০০ টা
স্থান	ট্রাস্টের সম্মেলন কক্ষ
উপস্থিতি	"ক"

সভাপতি মহান মুক্তিযুদ্ধে সকল শহিদের প্রতি শ্রদ্ধা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিয়মিত সভা করা প্রয়োজন। তিনি ভবিষ্যতে যথাসময়ে সমন্বয় সভা অনুষ্ঠানের বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ১৭/১১/২০১৯ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

২। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের প্রোগ্রামার জানান, ৩০৫২ টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১৮০৭ টি শিক্ষা প্রতিষ্ঠানের ই-মেইল এড্রেস সংগ্রহ করা হয়েছে। বেশ কিছু প্রতিষ্ঠানের ই-মেইল এড্রেস সংরক্ষণের কাজ বাকী রয়েছে এতে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন।	ডিসেম্বর ২০১৯ এর মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ই-মেইল, ফোন নম্বর ও যোগাযোগের ঠিকানা এড্রেস সংরক্ষণের কাজ শেষ করতে হবে।	প্রোগ্রামার
২.	ট্রাস্টের উপ-পরিচালক বলেন, ট্রাস্ট আইনে যেহেতু স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে উল্লেখ রয়েছে সেহেতু মেডিকেল/প্রকৌশল বিশ্ববিদ্যালয়/কলেজসমূহে পড়ুয়া দরিদ্র শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান করা যেতে পারে।	ট্রাস্টি বোর্ডের অনুমোদন গ্রহণপূর্বক ভবিষ্যতে মেডিকেল/প্রকৌশল বিশ্ববিদ্যালয়/কলেজসমূহে পড়ুয়া দরিদ্র শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৩.	ট্রাস্টের উপ-পরিচালক (উপসচিব) বলেন, ট্রাস্টের কর্মচারীদের অবসরভাতা তহবিল গঠনের প্রস্তাব পেনশন পরিকল্পের মধ্যে অন্তর্ভুক্ত করে চূড়ান্ত পরিকল্প প্রস্তুতের কাজ এখনো শেষ হয়নি। এ কারণে সভাপতি সহকারী পরিচালক (প্রশাসন) এর প্রতি অসন্তোষ প্রকাশ করেন।	ট্রাস্টের সহকারী পরিচালক (প্রশাসন) ও প্রোগ্রামার ১৯/১২/২০১৯ তারিখের মধ্যে পরিকল্প চূড়ান্ত করবেন।	সহকারী পরিচালক (প্রশাসন)

৪.	সহকারী পরিচালক (প্রশাসন) জানান, ট্রাস্টের ০৭ (সাত) জন অফিস সহায়ক, ০১ (এক) জন গার্ড এবং ০১ (এক) জন সুইপারসহ মোট ০৯ (নয়) জন আউটসোর্সিং এর মাধ্যমে নিযুক্ত আছে। নিয়োগকৃতদের মেয়াদ ৩০/১১/২০২০ তারিখে শেষ হয়ে যাবে। বিগত সভায় উক্ত ০৯ (নয়) টি পদ রাজস্ব খাতে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত নেয়া হয়। সিদ্ধান্তটি ভুল ছিল আউটসোর্সিং এর পদ যতদিন মেয়াদ আছে প্রতিবছর সংরক্ষণ করতে হবে। তিনি জানান, ০১/০৬/২০১৮ খ্রি: থেকে ৩১/০৫/২০১৯ খ্রি: পর্যন্ত পদগুলো সংরক্ষণ করা হয়েছে। এখন ০১/০৬/২০১৯ খ্রি: থেকে ৩১/০৫/২০২০ খ্রি: পর্যন্ত একবার সংরক্ষণ করতে হবে। এরপর ০১/০৬/২০১৯ খ্রি: থেকে ৩০/১১/২০২০ খ্রি: পর্যন্ত সংরক্ষণ করতে হবে। তবে পদগুলো সংরক্ষণের জন্য এখনো পত্র প্রেরণ করা হয়নি। এতে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন।	০১/০৬/২০১৯ খ্রি: থেকে ৩১/০৫/২০২০ খ্রি: পর্যন্ত আউটসোর্সিং এর ৯ (নয়) টি পদ সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনতিবিলম্বে সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৫.	বিভিন্ন জেলা থেকে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির পর তাদের আর্থিকভাবে উপকৃত হওয়ার বস্তুনিস্ঠ তথ্য সংগ্রহ করে আনার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ইতোমধ্যে একজন উপকারভোগী শিক্ষার্থীকে এনে বাংলাদেশ বেতারে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর বিষয়ে প্রচারকৃত অনুষ্ঠানে স্বাক্ষাৎকার গ্রহণ করা হয়। এছাড়া সভাপতি জানান, ভবিষ্যতে উপকারভোগী শিক্ষার্থীদের স্বাক্ষাৎকার বাংলাদেশ বেতারসহ বাংলাদেশ টেলিভিশনে প্রচারের ব্যবস্থা করা হবে।	ভবিষ্যতে উপবৃত্তি ও আর্থিক সহায়তাপ্রাপ্ত উপকারভোগী শিক্ষার্থীদের স্বাক্ষাৎকার বাংলাদেশ বেতারসহ বাংলাদেশ টেলিভিশনে প্রচারের ব্যবস্থা করতে হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৬.	ট্রাস্টের প্রোগ্রামার জানান, ডোমেইন হোস্টিং এর জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (BCC) বরাবর পত্র প্রেরণের মাধ্যমে হোস্ট করা হয়েছে। ইনফো সরকার প্রকল্প ফেজ-২ শেষ হয়ে যাওয়ায় BCC জানায় দশ থেকে বারো লক্ষ টাকা ব্যয়ে নতুন এবং উন্নতমানের ভিডিও কনফারেন্সিং সিস্টেম এর সরঞ্জামাদি সরবরাহ করা সম্ভব। তিনি আরও জানান, মন্ত্রী পরিষদ সচিব ও মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, সকল সিনিয়র সচিব, সচিব, সকল জেলা প্রশাসক, সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল জেলা শিক্ষা অফিসার, সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর পত্র প্রেরণের মাধ্যমে ট্রাস্টের নতুন ডোমেইন এড্রেস জানানো হয়েছে।	ক) ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হবে। খ) ট্রাস্টের নতুন ডোমেইন এড্রেস জানিয়ে বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বরাবর পত্র প্রেরণ করা হবে।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) এবং প্রোগ্রামার

৭.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের APA, ইনোভেশন টিম-এর অংশ হিসেবে বিভিন্ন বৈদেশিক ট্রেনিং এ ট্রাস্টের কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করার জন্য সিনিয়র সচিব মহোদয় (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়) বরাবর পত্র প্রেরণ করা হয়নি। ১৯/১২/২০১৯ তারিখের মধ্যে তিনি উক্ত পত্র প্রেরণ করবেন বলে সভায় জানান।	১৯/১২/২০১৯ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের APA, ইনোভেশন টিম-এর অংশ হিসেবে বিভিন্ন বৈদেশিক ট্রেনিং এ ট্রাস্টের কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করার জন্য সিনিয়র সচিব মহোদয়কে (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়) অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৮.	সহকারী পরিচালক (প্রশাসন) জানান, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক গ্লাস ডোরের লক মেরামতের কাজ সম্পন্ন হয়নি। সম্মেলন কক্ষের দেয়াল যথাযথভাবে রং না করাতে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন।	ট্রাস্টের বিভিন্ন কক্ষের গ্লাস ডোরের লক মেরামত করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৯.	ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের জন্য বই-পত্র সাময়িকীর ফান্ড থেকে ‘সচিবালয় নির্দেশমালা ২০১৪’ ও বাংলাদেশ সার্ভিস রুলস (পার্ট-১, পার্ট-২) ক্রয়ের বিষয়ে আলোচনা হয়।	ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের জন্য বই-পত্র সাময়িকীর ফান্ড থেকে ‘সচিবালয় নির্দেশমালা ২০১৪’ ও বাংলাদেশ সার্ভিস রুলস (পার্ট-১, পার্ট-২) ক্রয়ের সিদ্ধান্ত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
১০.	ট্রাস্টে চিঠি পত্র বিলিকরণের জন্য অফিস সহায়কদের মধ্য থেকে একজনকে ম্যাসেন্জার হিসেবে দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা হয়।	অফিস সহায়কদের মধ্য থেকে একজনকে ম্যাসেন্জার হিসেবে দায়িত্ব প্রদান করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
১১.	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) আর্থিক প্রতিষ্ঠানের সহায়তায় কিছু ক্যালেন্ডার ও ডায়েরী ছাপানোর প্রস্তাব করেন।	ট্রাস্টের স্টেক হোল্ডার বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের সহায়তায় ১০০০ (এক হাজার) ক্যালেন্ডার ও ৫০০ (পাঁচশত) ডায়েরী ছাপানো হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

১২.	ট্রাস্টের প্রোগ্রামার MIS শাখার নাম পরিবর্তন করে ICT শাখা নাম প্রবর্তনের প্রস্তাব করেন।	MIS শাখার নাম পরিবর্তন করে ICT শাখা নামকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
১৩.	ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীবৃন্দের বৈদেশিক ভ্রমনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	ওয়েবসাইট পর্যালোচনা পূর্বক প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মতো একই ধরনের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে এমন সব দেশের কার্যক্রম পরীক্ষা পূর্বক কর্মকর্তা/কর্মচারীদের বৈদেশিক ভ্রমনের উদ্যোগ নেয়া হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এবং প্রোগ্রামার
১৪.	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জানান, বিভিন্ন কার্যালয়ে হিসাবরক্ষণ কর্মকর্তার পদটি প্রথম শ্রেণির কিন্তু প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের হিসাবরক্ষণ কর্মকর্তার পদটি দ্বিতীয় শ্রেণির। তিনি হিসাবরক্ষণ কর্মকর্তার পদটি প্রথম শ্রেণিতে আপগ্রেড করার প্রস্তাব করেন।	ক) হিসাবরক্ষণ কর্মকর্তার পদটি প্রথম শ্রেণিতে আপগ্রেড করার জন্য সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হবে। খ) ট্রাস্টের ব্লকড পোস্টগুলো আপগ্রেড করার বিষয়ে পরীক্ষা নিরীক্ষা করে সিদ্ধান্ত নিতে উপ-পরিচালক, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), সহকারী পরিচালক (প্রশাসন), সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) এবং প্রোগ্রামারকে নিয়ে একটি কমিটি গঠন করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)ও প্রোগ্রামার
১৫.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের বার্ষিক বনভোজন অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়।	আগামী ২৭/১২/২০১৯ তারিখে গাজীপুর সদর উপজেলায় বনভোজন অনুষ্ঠানের নিমিত্তে সহকারী পরিচালক (উপবৃত্তি) কে আহবায়ক, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কে সদস্য সচিব এবং সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) কে সদস্য করে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-পরিচালক

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.২৫০

তারিখ: ৭ পৌষ ১৪২৬
২২ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৩) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৫) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১০) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৭) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক